ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৬১
আগরতলা, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

## ইঞ্জিনীয়ার্স ডে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
## আধুনিক পরিকাঠামো নির্মাণ করে রাজ্য এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে

উপযুক্ত পরিকাঠামো তৈরী করে কোন রাজ্য বা দেশকে উন্নয়নের সঠিক পথে নিয়ে যেতে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সময়ের সঙ্গে তাল মিলিয়ে প্রয়োজন অনুযায়ী সুন্দর, আধুনিক পরিকাঠামো নির্মাণ করে রাজ্য এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। আজ প্রজ্ঞাভবনে ৫৮-তম ইঞ্জিনীয়ার্স ডে উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

ভারতরত্ন এম বিশ্বেশ্বরাইয়া'র জন্মদিন উপলক্ষ্যে প্রতিবছর ইঞ্জিনীয়ার্স ডে বা প্রকৌশলী দিবস পালন করা হয়। অনুষ্ঠান শুরুর আগে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ এম বিশ্বেশ্বরাইয়ার প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে তাঁকে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে উন্নয়নের কাজে বিভিন্ন ক্ষেত্রে আধুনিক টেকনোলজি ব্যবহার করা হচ্ছে। সেক্ষেত্রে আমাদের দেশও পিছিয়ে নেই। উদ্ভাবনী টেকনোলজি ব্যবহার করে আমাদের দেশ মহাকাশ গবেষণা থেকে শুরু করে প্রতিরক্ষা ক্ষেত্রে পৃথিবীতে শীর্ষস্থানে অবস্থান করছে। তা সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আন্তরিক প্রচেষ্টা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের জন্য। প্রধানমন্ত্রী উদ্ভাবনী প্রযুক্তি ও দক্ষতা বৃদ্ধির উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। ভারত ইতিমধ্যেই অর্থনৈতিকভাবে চতুর্থ স্থানে উঠে এসেছে। মুখ্যমন্ত্রী বলেন, আমাদের রাজ্যেও বিভিন্ন উন্নয়নমূলক কাজে উন্নত প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। বিধানসভা থেকে শুরু করে পঞ্চায়েতস্তর পর্যন্ত ই-অফিস পরিষেবা চালু করা হয়েছে। রাজ্যের বিভিন্ন পরিকাঠামো উন্নয়নের কাজে বিশেষ করে কৃষি, স্বাস্থ্য, বিদ্যুৎ পরিষেবা প্রভৃতি ক্ষেত্রে উন্নত প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। এয়ারটেল উত্তর পূর্বাঞ্চলের মধ্যে সর্ববৃহৎ ডাটা সেন্টার ত্রিপুরাতেই স্থাপন করতে চলেছে। ইঞ্জিনীয়ার্স ডে উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী ইঞ্জিনীয়ারদের শুভেচ্ছা জানান। তিনি আশা প্রকাশ করেন রাজ্যের পরিকাঠামো উন্নয়নের কাজে প্রকৌশলীগণ আরও নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে এগিয়ে আসবেন। উদ্বোধনী অনুষ্ঠান শুরুর আগে মুখ্যমন্ত্রী ও অতিথিগণ প্রজ্ঞাভবন সংলগ্ন স্থানে রক্তদান শিবিরের উদ্বোধন করেন এবং স্বেচ্ছায় রক্তদাতাদের রক্তদানে উৎসাহিত করেন।

অনুষ্ঠানের সম্মানিত অতিথি মুখ্যসচিব জে কে সিনহা বলেন, প্রকৌশলীদের সবসময় নতুন কিছু করার চিন্তা করতে হবে। স্থানীয় সম্পদকে উন্নত প্রযুক্তির মাধ্যমে ব্যবহার করে রাজ্যের উন্নয়ন করতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, ইনস্টিটিউট অব ইঞ্জিনীয়ার্স ত্রিপুরা শাখার চেয়ারম্যান পরমানন্দ সরকার ব্যানার্জী। স্বাগত বক্তব্য রাখেন পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার রাজীব দেববর্মা। 'ডিপ টেক এন্ড ইঞ্জিনীয়ারিং এক্সিলেন্স ঃ ড্রাইভিং ইন্ডিয়াস টেকহেড' বিষয়ে বক্তব্য রাখেন এনআইটি আগরতলার ডিরেক্টর ড. এস কে পাত্রা। রাজ্যের বিশিষ্ট ইঞ্জিনীয়ার সুশান্ত দত্তকে ইঞ্জিনীয়ার অব দি ইয়ার ২০২৫ সম্মানে সম্মানিত করা হয়। পূর্ত দপ্তরের উদ্যোগে ও ইনস্টিটিউট অব ইঞ্জিনীয়ার ইন্ডিয়া আগরতলা শাখার উদ্যোগে আয়োজিত ইঞ্জিনীয়ার্স ডে উপলক্ষ্যে আজ সকালে প্রভাতফেরী অনুষ্ঠিত হয়। উদ্যোক্তাদের পক্ষ থেকে ক্যান্সার হাসপাতালের রোগীদের মধ্যে ফল বিতরণ করা হয়।

*****